

'এবং মছয়া'-বিশ্ববিদ্যালয় মঞ্জুরী আয়োগ (U.G.C.- CARE List) অনুমোদিত
তালিকার অন্তর্ভুক্ত। ২০২০ সালে প্রকাশিত ৮৬ পৃ.
তালিকার ৬০ পৃ. এবং ৮৪ পৃ. উল্লেখিত।

এবং মছয়া

(বাংলা ভাষা, সাহিত্য ও গবেষণাধর্মী মাসিক পত্রিকা)

২৩ তম বর্ষ, ১৩১ সংখ্যা, মার্চ, ২০২১

সম্পাদক

ডা. মদনমোহন বেরা

কে.কে. প্রকাশন

গোলকুয়াচক, মেদিনীপুর, প.বঙ্গ।

৫৪.ভক্তি শব্দের মর্মার্থ ও তার স্বরূপ বিবেচনা	
:: ড. সোমা বন্দ্যোপাধ্যায়.....	৪১৪
৫৫.দেশভাগ ও পরিবেশগত সংকট : প্রসঙ্গ নদীরা	
:: ড. সুদীপ্ত সাধুখাঁ.....	৪২১
৫৬.ঔপনিবেশিক বাংলার সরকারি সেচনীতি ও জনসংখ্যার উপর প্রভাব	
:: ড. শুভঙ্কর মণ্ডল.....	৪২৬
৫৭.রবীন্দ্র নাটকের মধ্যায়নের ইতিবৃত্ত	
:: ড.সুদীপ্ত সাউ.....	৪৩৫
৫৮.বর্তমানে গান্ধীজির শিক্ষাচিন্তার প্রাসঙ্গিকতা	
:: ড. হজরত আলি সেখ.....	৪৪৫
৫৯.বেদের লক্ষণ এবং তার যথার্থ স্বরূপ	
:: ড. প্রতাপ চন্দ্র রায়.....	৪৪৯
৬০.শিক্ষা ও সমাজসংস্কারে বিদ্যাসাগরের প্রাসঙ্গিকতা	
:: ড. সঞ্জয় সমাদ্দার.....	৪৫৫
৬১.মৃত্যুকেন্দ্রিক লোকাচার : দক্ষিণ মেদিনীপুরে	
ক্ষেত্রসমীক্ষালব্ধ প্রতিবেদন :: ড. শান্তনু দলাই.....	৪৬১
৬২.অণুগল্পের আদিরূপ :: ড. শঙ্কুনাথ বন্দ্যোপাধ্যায়.....	৪৭২
৬৩.বিনয় মজুমদার : শৈলীর এক নতুন প্রত্যয়	
:: ড. সুমন ঘোষ.....	৪৭৯
৬৪.গান্ধীজির শিক্ষাদর্শন :: ড. মৃগাল কান্তি সরেন.....	৪৮৩
৬৫.বীরেন্দ্র চট্টোপাধ্যায়ের কবিতায় প্রতিবাদী ভাবনা ও	
ভাঙাচোরা মানুষের দিনলিপি : এক নতুন পাঠ	
:: ড.আশিস অধিকারী.....	৪৮৮
০০লেখক পরিচিতি.....	৫০৫
০০০UGC--CARE list.....	৫০৮

ভক্তি শব্দের মর্মার্থ ও তার স্বরূপ বিবেচনা

ড. সোমা বন্দ্যোপাধ্যায়

সার সংক্ষেপ :

ভগবান শ্রীকৃষ্ণ গীতাতে মোক্ষের সিদ্ধিতে কর্ম, ধ্যান, ভক্তি ও জ্ঞান সকলেরই পারস্পরিক উপযোগিতা স্বীকার করলেও ভক্তিকেই অপার দুঃখ সাগর উত্তরণে সহজতম শ্রেষ্ঠ পথ বলে বিবেচনা করেছেন। ভগবদ্ গীতায় তিনটি ঘটকে বিশেষ করে কর্মতত্ত্ব, ভক্তিতত্ত্ব ও জ্ঞানতত্ত্ব উপদিষ্ট হয়েছে। সেখানে প্রথম ঘটকে কর্মনিষ্ঠা ও অন্তিম ঘটকে জ্ঞাননিষ্ঠা উপদিষ্ট হয়েছে। মধ্যম কাণ্ডে উপদিষ্ট ভক্তিনিষ্ঠা উভয়ের সমন্বয় সাধন করে উভয়েরই উপকারক হয়েছে। তাই ভগবদ্ ভক্তিনিষ্ঠাকে কর্মমিশ্র, জ্ঞানমিশ্র ও শুদ্ধ একরূপ ত্রিবিধ হতে দেখা যায়। কলিযুগে অন্যগত প্রাণ বিযয়াসক্ত জীবের পক্ষে কর্মযোগ, ধ্যানযোগ ও জ্ঞানযোগের পথ অতিকষ্টকর বলে এগুলিকে অবলম্বন করে এগিয়ে যাওয়া সকলের পক্ষে সম্ভবপর হয় না। নানা দুঃখে প্রপীড়িত হয়েও মহাবিপৎসাগরে নিমগ্ন হয়ে মানুষ স্বভাবতই দুঃখবিমুক্ত ও বিপৎমুক্ত হওয়ার জন্য ঈশ্বরে অনন্যভাবে শরণাপন্ন হয়। আরো কথা, মুক্তির জন্য যে সকল সাধনমার্গ উপদিষ্ট হয়েছে সেই সকল মাগেই ভক্তিসাধনা একান্ত অপরিহার্য। কি নিষ্কাম কর্ম সাধনা, কি অষ্টাঙ্গ যোগ উপাসনা, কি নির্গুণ আত্মতত্ত্বভাবনা কোনটিই ঈশ্বরে অব্যভিচারিণী ভক্তি ছাড়া সম্ভব হয় না। সুতরাং ভগবান ভক্তিয়োগকেই নির্বিচারে অনুসরণ করতে উপদেশ করেছেন। ভগবান দৃষ্টকণ্ঠে বলেছেন—

“সর্বধর্মান্ পরিত্যজ্য মামেকং শরণং ব্রজ।

অহং ত্বং সর্বপাপেভ্যো মোক্ষয়িষ্যামি মা শুচঃ।।”

সূচক শব্দ : শ্রীমদ্ভগবদ্গীতা, ভক্তি, সাধনা, মুক্তি, অন্যাভিলাষিতাশূন্যতা, প্রেম, ভজন, ভক্ত, ভগবান, মিলন।

প্রতিপাদ্য বিষয় :

ভগবান শ্রীকৃষ্ণ ভগবৎগীতার দ্বাদশ অধ্যায়ে ভক্তিয়োগকে উপন্যাস করেছেন। যোগ শব্দের অর্থ মিলন। মিলন বলতে জীব ও ব্রহ্মের, আত্মা ও পরমাত্মার, ভক্ত ও ভগবানের মধ্যে মিলন। আর যোগ শব্দের অর্থ ভগবৎ প্রাপ্তির উপায়। অতএব ভক্তি যেখানে ভগবৎ প্রাপ্তির উপায় সেটাই হল ভক্তিয়োগ। ‘ভজ্’ ধাতুর উত্তর ভাববাচ্যে ‘ক্তি’ প্রত্যয় যোগে ভক্তি শব্দটি নিষ্পন্ন হয়। ‘ভজ্’ ধাতুর অর্থ ভজন বা সেবা। ভক্তি শব্দের নির্বচন থেকে ভগবৎ ভজন বা ভগবৎ সেবারূপ অর্থই প্রতীত হয়। ভগবান বিষ্ণু সর্বময়, সুতরাং সর্বাঙ্গা বিষ্ণুর একত্ব অনুভূতি ভক্তি যোগ শব্দের মার্মিক অর্থ। কর্মযোগ সাধনা